

চার দফা দাবিতে প্রাথমিকের শিক্ষকদের মহাসমাবেশ ১৮ জুলাই

ইতেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৭ জুলাই ২০২৫, ১৮:৪০



ছবি: সংগৃহীত

চার দফা দাবি আদায়ের লক্ষ্যে রাজধানী ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে মহাসমাবেশের ডাক দিয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা। গুরুবার (১৮ জুলাই) বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ব্যানারে এ কর্মসূচি পালিত হবে। সংগঠনটির সভাপতি মো. আবুল কাসেম এসব বিষয় গণমাধ্যমকে নিশ্চিত করেছেন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

মো. আবুল কাসেম বলেন, রিট করা ৪৫ জন প্রধান শিক্ষকের ১০ম গ্রেড বাস্তবায়নের কথা বলা হয়েছে। তাহলে যারা মামলা করেননি তাদের দশম গ্রেড কবে বাস্তবায়ন হবে? আমরা সব প্রধান শিক্ষকের দশম গ্রেড বাস্তবায়ন চাই। এছাড়া সহকারী শিক্ষকরা ১১তম গ্রেড চেয়েছেন, এই দুই দাবিসহ চার দফা দাবিতে আমরা মহাসমাবেশ আহ্বান করা হয়েছে।

প্রাথমিক শিক্ষকদের চার দফা দাবি-

১. সহকারী শিক্ষকদের ১১তম গ্রেড
২. ২০১৪ সালের ৯ মার্চ থেকে সব প্রধান শিক্ষকের ১০ম গ্রেডের জিও জারি
৩. চলতি দায়িত্বসহ সিনিয়র শিক্ষকদের শতভাগ পদোন্নতি এবং
৪. ১০ বছর ও ১৬ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রদান